# দি মিদনাপুর কো-অপারেটিভ মিল্ক প্রোডিউসার্স ইউনিয়ন লিঃ

**অশোকনগর, মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর ৭২১১০১**

Ref: MU: ARO:2025/005 Date: 25/11/2025

রিটার্নিং অফিসার, দি মিদনাপুর কো-অপারেটিভ মিল্ক প্রোডিউসার্স ইউনিয়ন লিঃ ও উপ-অধিকর্তা, প্রাণীসম্পদ বিকাশ দপ্তর, পশ্চিম মেদিনীপুর -এর অর্ডার নম্বর -১৫৪৪, তারিখ-০১/০৭/২০২৫ অনুসারে, ইহা দি মিদনাপুর কো-অপারেটিভ মিল্ক প্রোডিউসার্স ইউনিয়ন লিঃ এর বিশেষ সাধারণ সভার বিজ্ঞপ্তির বিশেষ অংশরুপে গন্য হবে।

দি মিদনাপুর কো-অপারেটিভ মিল্ক প্রোডিউসার্স ইউনিয়ন লিঃ এর পরিচালকমন্ডলীর নির্বাচন (২০২৫) সংক্রান্ত জ্ঞাতব্য বিষয় ঃ-

মোট পরিচালক নির্বাচিত হবে- ১২ (বারো) জন।

## -ঃ নির্বাচন নির্ঘন্ট ঃ-

(ক) মনোনয়ন পত্র সরবরাহ করিবার তারিখ, সময় ও স্থান :
০৩/১২/২০২৫, বুধবার ও ০৪/১২/২০২৫, বৃহঃস্পতিবার বেলা ১১:০০টা হইতে ৪:০০টার মধ্যে মেদিনীপুরস্থ মিল্ক ইউনিয়নের প্রধান কার্য্যালয় হইতে।

(খ) মনোনয়ন পত্র দাখিল করিবার তারিখ, সময় ও স্থান :
০৪/১২/২০২৫, বৃহঃস্পতিবার ও ০৫/১২/২০২৫, শুক্রবার বেলা ১১:০০টা হইতে ৪:০০টার মধ্যে মেদিনীপুরস্থ মিল্ক ইউনিয়নের প্রধান কার্য্যালয়ে নির্বাচন আধিকারিকের নিকট।

(গ) মনোনয়ন পত্র পরীক্ষার তারিখ, সময় ও স্থান :
০৮/১২/২০২৫, সোমবার দুপুর ১:০০টা হইতে শেষ না হওয়া পর্যন্ত মেদিনীপুরস্থ মিল্ক ইউনিয়নের প্রধান কার্য্যালয়ে নির্বাচন আধিকারিকের নিকট।

(ঘ) যোগ্য প্রার্থীর নামের তালিকা প্রকাশের তারিখ, সময় ও স্থান :
০৮/১২/২০২৫, সোমবার মনোনয়ন পত্র পরীক্ষার অব্যবহিত পরে, মেদিনীপুরস্থ মিল্ক ইউনিয়নের প্রধান কার্য্যালয়ের নোটিশবোর্ডে।

(ঙ) মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ তারিখ, সময় ও স্থান :
০৯/১২/২০২৫, মঙ্গলবার বিকাল ৩:০০টার মধ্যে মেদিনীপুরস্থ মিল্ক ইউনিয়নের প্রধান কার্য্যালয়ে নির্বাচন আধিকারিকের নিকট।

(চ) চুড়ান্ত যোগ্য প্রার্থীর নামের তালিকা প্রকাশের তারিখ, সময় ও স্থান :
০৯/১২/২০২৫, মঙ্গলবার বিকাল ৪:০০টায় মেদিনীপুরস্থ মিল্ক ইউনিয়নের প্রধান কার্য্যালয়ের নোটিশবোর্ডে।

(ছ) প্রতীক বন্টন (যদি প্রয়োজন হয়):
০৯/১২/২০২৫, মঙ্গলবার বিকাল ৪:৩০টায় মেদিনীপুরস্থ মিল্ক ইউনিয়নের প্রধান কার্য্যালয়ে।

(জ) নির্বাচনের তারিখ, সময় ও স্থান :
১৮/১২/২০২৫, বৃহঃস্পতিবার পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ প্রাঙ্গণে শহীদ ক্ষুদিরাম পরিকল্পনা ভবন -এর সভাকক্ষে বেলা ১১:০০টা হইতে দুপুর ২:০০টা পর্যন্ত ।

(ঝ) ভোট গণনা : নির্বাচন শেষ হওয়ার অব্যবহিত পরে।

(ঞ) ফলাফল ঘোষণা : ভোট গণনা শেষ হওয়ার অব্যবহিত পরে।

স্বদেশ কুমার জানা 25/11/25

**(ডাঃ স্বদেশ কুমার জানা),**
সহ-অধিকর্তা, প্রাণীসম্পদ বিকাশ দপ্তর,
পশ্চিম মেদিনীপুর
ও
এ আর ও, দি মিদনাপুর কো-অপারেটিভ
মিল্ক প্রোডিউসার্স ইউনিয়ন লিঃ

THE MIDNAPORE CO-OP. MILK PROS. UNION LTD. MIDNAPORE.

Asst. Returning Officer,
The Midnapore Co-op. Milk
Producers' Union Ltd.

**পরিচালক মন্ডলীর নির্বাচনে প্রার্থী হিসাবে অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী :**

২০০৬ সালের পশ্চিমবঙ্গ সমবায় সমিতি সমূহের আইনের ২৭ (৩), ৩২ (৬), ৩২ (৭), ৩২ (৮) ধারা এবং ২০১১ সালের পশ্চিমবঙ্গ সমবায় সমিতি সমূহের নিয়মাবলীর ৩১ (৩), ৩১ (৪) এবং ৪২ নিয়ম ও ইউনিয়নের উপবিধি অনুযায়ী কোন সদস্য সমিতির প্রতিনিধি দি মিদনাপুর কো-অপারেটিভ মিল্ক প্রোডিউসার্স ইউনিয়ন লিঃ (মিল্ক ইউনিয়ন) -এর পরিচালক মন্ডলীর সভ্য নির্বাচনে প্রার্থী হিসাবে অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী :

১.০ সদস্য সমিতির সভাপতি ব্যতিরেকে অন্য কেহ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারিবেন না।

১.১ সমিতিকে অডিটের শ্রেণী বিন্যাসে 'এ' অথবা 'বি' শ্রেণীভুক্ত হতে হবে।
১.২ প্রতিনিধি হিসাবে মনোনয়নপত্র জমা দেওয়ার তারিখে সদস্য সমিতিকে কমপক্ষে এক বৎসরের সদস্য হতে হবে।
১.৩ প্রাকৃতিক বিপর্যয় ব্যতিরেকে পূর্ববর্তী সমবায় বৎসরে ৯০ দিনের বেশী সমিতিটি বন্ধ ছিল না।
১.৪ প্রাকৃতিক বিপর্যয় ব্যতিরেকে পূর্ববর্তী সমবায় বৎসরে সমিতিটি, মিল্ক ইউনিয়নে ১৮০ দিনের কম দুগ্ধ সরবরাহ করে নাই।
১.৫ পূর্ববর্তী বৎসরে সমিতিটি মিল্ক ইউনিয়ন ব্যতিরেকে অন্য কোনো সংস্থার নিকট দুগ্ধ সরবরাহ /বিক্রয় করে নাই।
১.৬ তিনি যে সমিতির প্রতিনিধিত্ব করছেন, সেই দুগ্ধ উৎপাদক সমবায় সমিতি পূর্ববর্তী সমবায় বৎসরে কমপক্ষে ১০০ লিটার এবং মহিলা দুগ্ধ উৎপাদক সমবায় সমিতি কমপক্ষে ৬০ লিটার পরিমাণ দুগ্ধ দৈনিক সরবরাহ করেছে।

২.০ তিনি প্রতিনিধি (প্রার্থী) হিসেবে নির্বাচিত হতে পারবেন না যদি ঃ-

২.১ তিনি যে সমিতির প্রতিনিধিত্ব করছেন, সেই সমিতিতে তাঁহার সভ্যপদ ১২ মাসের কম হয় অথবা নির্বাচনের তারিখে তাঁহার বয়স ১৯ বৎসরের কম হয়।
২.২ তিনি কোন সমিতির/ মিল্ক ইউনিয়নের বেতনভুক অথবা বিতাড়িত কর্মচারী।
২.৩ তিনি যে সমিতির প্রতিনিধি সেই সমিতিতে প্রার্থী নির্বাচনের তারিখে ঐ ব্যক্তির কোন খেলাপী ঋণ থাকে এবং সমিতি থেকে কোন দ্রব্য ধারে ক্রয় করে দাম পরিশোধ না করেন।
২.৪ কোন সদস্য একাধিক সমিতি থেকে প্রতিনিধি হিসাবে প্রেরিত হন।
২.৫ সমিতি থেকে প্রতিনিধি নির্বাচনের তারিখে এবং ইউনিয়নের প্রার্থী হিসাবে নাম জমা দেওয়ার শেষ তারিখে তিনি কোন উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া বা বিকৃত মস্তিষ্ক বলে প্রমাণিত হন।
২.৬ সমিতি থেকে প্রতিনিধি নির্বাচনের তারিখে এবং মিল্ক ইউনিয়নের প্রার্থী হিসাবে নাম জমা দেওয়ার শেষ তারিখে মিল্ক ইউনিয়ন যে ধরনের ব্যবসা করে ঠিক সেই ধরনের ব্যবসা বা অনুরূপ লাভজনক কারবার তাঁর থাকে বা অনুরূপ কারবারে তাঁর কোনো স্বার্থ থাকে।
২.৭ প্রতিনিধি নির্বাচনের তারিখে এবং ইউনিয়নের প্রার্থী হিসাবে নাম জমা দেওয়ার শেষ তারিখে তিনি নৈতিক স্খলনজনিত অপরাধে অর্থদন্ড বা কারাবাস বা উভয়দণ্ডে দণ্ডিত হন।
২.৮ প্রতিনিধি নির্বাচনের তারিখে এবং ইউনিয়নের প্রার্থী হিসাবে নাম জমা দেওয়ার শেষ তারিখে তিনি সমিতির অধীনে কোন লাভজনক দায়িত্বে বা পদে অধিষ্ঠিত থাকেন।
২.৯ মনোনয়ন পত্র দাখিলের তারিখে তিনি একইসঙ্গে ৪টির বেশী প্রাথমিক সমবায় সমিতির পরিচালক বা প্রতিনিধি পদে থাকেন, ২ (দুই) টি কেন্দ্রীয় সমবায় সমিতির পরিচালক বা প্রতিনিধি পদে অথবা ২টি শীর্ষ সমবায় সমিতির পরিচালক বা প্রতিনিধি পদে থাকেন।
২.১০ সমবায় সমিতির পদাধিকারী পদে (Office Bearer) কোন সদস্য রাজ্য বা কেন্দ্রীয় সরকারের মন্ত্রীত্বপদে আসীন থাকেন।
২.১১ তিনি মিল্ক ইউনিয়নের কোন কর্মচারীর নিকট আত্মীয় (বাবা/ মা/ ছেলে/ মেয়ে/ স্বামী অথবা স্ত্রী) হন।
২.১২ তিনি অসৎ অথবা ঋণখেলাপী অথবা দেউলিয়া প্রমাণিত হন।
২.১৩ মিল্ক ইউনিয়নের কোনো চুক্তি অথবা ইউনিয়ন কর্তৃক কোন সম্পত্তি ক্রয় অথবা বিক্রয় অথবা ইউনিয়নে কোন লগ্নি অথবা ঋণ ব্যতিরেকে ইউনিয়নের কোন লেনদেনের সহিত প্রত্যক্ষ অথবা পরোক্ষ স্বার্থ থাকে।



THE MIDNAPORE CO-OP. MILK PROS. UNION LTD. MIDNAPORE.

২ .১৪ এছাড়াও প্রাথী হিসাবে নির্বাচিত হওয়ার জন্য ২০০৬ সালের পশ্চিমবঙ্গ সমবায় সমিতি সমূহের আইন (এবং সংশোধনী আইন ২০১১) এবং The West Bengal Coop. Societies (Amendment) Act 2011 এবং The W. B. Coop. Societies (Amendment and Validation) Act, 2013 ও পশ্চিমবঙ্গ সমবায় সমিতি সমূহের নিয়মাবলী ২০১১ এবং সংশোধিত নিয়মাবলীর অন্যান্য সমস্ত শর্ত এবং ইউনিয়নের বাই-লজ- এর সমস্ত শর্ত প্রযোজ্য হবে।

৩ .০ অন্যান্য শর্তাবলী।

৩ .১ প্রতিটি মনোনয়ন পত্র সরাসরি অথবা অথারাইজড এজেন্টের (চুড়ান্ত ভোটার তালিকায় নাম আছে এরূপ ব্যক্তি) মাধ্যমে জমা দেওয়া যাইবে।

৩ .২ মনোনয়ন পত্র প্রত্যাহার করতে হলে প্রর্থীকে নিজে উপস্থিত হয়ে লিখিতভাবে নির্দিষ্ট সময় ও স্থানে জমা দিতে হবে।

৩ .৩ প্রতিটি মনোনয়ন পত্রে চুড়ান্ত ভোটার তালিকায় নাম আছে এমন সদস্য / সদস্যা প্রস্তাবক অথবা সমর্থক হইতে পারিবেন।

৩ .৪ চুড়ান্ত ভোটার তালিকায় নাম আছে এরূপ একজন ব্যক্তিকে নির্বাচন ক্ষেত্রে এজেন্ট হিসেবে দেওয়া যেতে পারে।

৩ .৫ নির্বাচনের সময় এবং ভোট গণনার সময় প্রার্থী অথবা তাঁর একজন অথারাইজড এজেন্ট (চুডান্ত ভোটার তালিকায় নাম আছে এরূপ ব্যক্তি) উপস্থিত থাকিতে পারিবেন।

৩ .৬ ভোটের দিন সকল ভোটারকে ভারতীয় নির্বাচন কমিশন দ্বারা প্রদত্ত সচিত্র পরিচয় পত্র অথবা উক্ত কমিশন স্বীকৃত অন্য সচিত্র পরিচয় পত্র আনিতে হবে।

স্বদেশ কুমার জানা
২৫/১১/২৫

(ডাঃ স্বদেশ কুমার জানা),
সহ-অধিকর্তা, প্রাণীসম্পদ বিকাশ দপ্তর,
পশ্চিম মেদিনীপুর
ও
এ আর ও, দি মিদনাপুর কো-অপারেটিভ মিল্ক প্রোডিউসার্স ইউনিয়ন লিঃ

Asst. Returning Officer,
The Midnapore Co-op. Milk
Producers' Union Ltd.

THE MIDNAPORE CO-OP. MILK PROS. UNION LTD.
MIDNAPORE.